



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ, ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৫৫।- গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৭ এর দফা (১) ও (২) অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ সম্বলিত ০৮ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৭ তারিখ: ০৮ নভেম্বর ২০১৮ এর সহিত সংযোজিত তফসিল এ নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হইল:

- (১) গেজেটের ১৪৫২২ পৃষ্ঠায় কলাম-১ এ ১৮৮ ঢাকা-১৫ এর বিপরিতে তন্ম কালামের ১নং ক্রমিকে উল্লিখিত “অতিরিক্ত জেলা প্রশাসক (এল এ), ঢাকা” শব্দ, চিহ্ন সমূহের পরিবর্তে “আইন কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা” শব্দ, চিহ্ন সমূহ প্রতিস্থাপিত হইবে;
- (২) গেজেটের ১৪৫২২ পৃষ্ঠায় কলাম-১ এ ১৯০ ঢাকা-১৭ এর বিপরিতে তন্ম কালামের ২নং ক্রমিকের পর ৩নং ক্রমিকে “সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনেমেন্ট সার্কেল, ঢাকা” শব্দ, চিহ্নসমূহ সংযোজিত হইবে; এবং
- (৩) গেজেটের ১৪৫৩১ পৃষ্ঠায় কলাম-১ এ ২৮৬ চট্টগ্রাম-৯ এর বিপরিতে তন্ম কালামের ১নং ক্রমিকে উল্লিখিত “অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ), চট্টগ্রাম” শব্দ, চিহ্ন সমূহের পরিবর্তে “উপপরিচালক (স্থানীয় সরকার), বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম” শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে এবং ২নং ক্রমিকে উল্লিখিত “অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম” শব্দ, চিহ্ন সমূহের পরিবর্তে “থানা নির্বাচন অফিসার, বন্দর, চট্টগ্রাম” শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(হেলালুদ্দীন আহমদ)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ৫০০ (পাঁচশত) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।